

## যঙ্গিফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৫২

১/ বিবিধ

আরবী

سيليكم أمراء يفسدون، وما يصلح الله بهم أكثر، فمن عمل منهم بطاعة الله فلهم الأجر، وعليكم الشكر، ومن عمل منهم بمعصية الله فعليهم الوزر، وعليكم الصبر  
ضعيف جدا

رواه الداني في "الفتن" (ق 1/164) وابن عدي (69/2) عن حكيم بن خدام: حدثنا عبد الملك بن عمير عن الربيع بن عميلة عن عبد الله بن مسعود مرفوعا، وقال ابن عدي: "حكيم بن خدام قال البخاري: منكر الحديث". وقال أبو حاتم: "متروك الحديث". ومن طريقه أخرجه الطبراني في "المعجم الكبير" كما في "فيض القدير" وقال: قال الحافظ العراقي: "ضعيف". واعتمده في "التيسيير". ثم رأيت الحديث قد أورده ابن أبي حاتم في "العلل" (2/414)، وقال عن أبيه: "هذا حديث منكر، وحكيم متروك الحديث"

বাংলা

১৩৫২। অচিরেই তোমাদের নেতৃত্বে আসবে এমন সব নেতারা যারা বিশৃঙ্খলা সৃষ্টি করবে। আল্লাহ্ তা'আলা তাদের দ্বারা সংশোধনমূলক বেশী কর্ম করাবেন না। তাদের মধ্য থেকে যারা আল্লাহর আনুগত্যের উপর আমল করবে তাদের জন্য রয়েছে সাওয়াব। আর তোমাদের উচিত হবে (তার) কৃতজ্ঞতা প্রকাশ করা। আর তাদের মধ্য থেকে যারা আল্লাহর নাফরমানীর উপর আমল করবে তাদের জন্য রয়েছে গুনাহ। আর (সে সময়) তোমাদের উচিত হবে ধৈর্য ধারণ করা।

হাদীসটি খুবই দুর্বল।

হাদিসটি আদদানী "আলফিতান" গ্রন্থে (কাফ ১/১৬৪) ও ইবনু আদী (২/৬৯) হাকীম ইবনু খিযাম হতে, তিনি আব্দুল মালেক ইবনু ওমায়ের হতে, তিনি রাবী' ইবনু ওমায়লাহ হতে, তিনি আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ইবনু আদী বলেনঃ হাকীম ইবনু খিযাম সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস।  
আবু হাতিম বলেনঃ তিনি মাতরুকুল হাদীস।

তার সূত্র হতে ইমাম ত্ববারানী বর্ণনা করেছেন, "আল-মুজামুল কাবীর" গ্রন্থে যেমনটি "ফায়যুল কাদীর" গ্রন্থে এসেছে। তিনি বলেনঃ হাফিয ইরাকী বলেনঃ তিনি দুর্বল।

আমি দেখেছি ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/৪১৪) উল্লেখ করে তার পিতার উদ্ধৃতিতে বলেছেনঃ এ হাদিসটি মুনকার আর হাকীম মাতরুকুল হাদীস।

হাদিসের মান: যঙ্গেফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72231>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন